

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, ঢাকা।  
www.dae.gov.bd

স্মারক নং- ৩২৫৬(৩৭)


তারিখ : ৩০/০৩/২০১৭ খ্রি.

বিষয় : কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের উদ্যান ফসল সংশ্লিষ্ট ব্যবহারিক শিক্ষা কার্যক্রম নিশ্চিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জন্য জানানো যাচ্ছে যে, বর্তমান কৃষি বান্ধব সরকার দেশব্যাপী উদ্যান ফসল সম্প্রসারণ ও উৎপাদনকে বিশেষ অগ্রাধিকার দেওয়ায় অন্য ফসলের তুলনায় ফল-সবজি চাষের গ্রহণযোগ্যতা পূর্বের তুলনায় বৃদ্ধি পাওয়াসহ লাভজনক হিসাবে তা সকল কৃষকদের নিকট জনপ্রিয় হয়ে উঠছে। বিশেষ করে দেশী-বিদেশী ফল আবাদের প্রতি চাষীদের উৎসাহ বৃদ্ধি পাচ্ছে। পেঁপে, কলা, তরমুজ, পেয়ারা, লেবু, আনারস, আম, কাঁঠাল ইত্যাদি নানা ধরনের ফল এখন প্রায় বারোমাস ধরে ফলানো সম্ভব হচ্ছে যার ফলশ্রুতিতে অভ্যন্তরীণ চাহিদা মিটিয়ে বেশ কিছু সংখ্যক ফলের বিদেশে রপ্তানীর পরিমাণ সম্প্রতি বৃদ্ধি পেয়েছে। উল্লেখ্য, বর্তমানে বাংলাদেশ পৃথিবীতে কাঁঠাল উৎপাদনে দ্বিতীয়, পেয়ারা ও আম উৎপাদনে সপ্তম এবং সবজি উৎপাদন বৃদ্ধির হার বিবেচনায় তৃতীয় স্থান অর্জন করতে সমর্থ হয়েছে। ফল চাষের ব্যাপক সম্প্রসারণ এবং উৎপাদনের সাথে তাল মিলিয়ে ফল চাষীদের উন্নত মানের সেবাদান নিশ্চিত করার লক্ষ্যে কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহে (এটিআই) অধ্যয়নরত শিক্ষার্থীদের দেশী-বিদেশী ফল চাষে আধুনিক ও যুগোপযোগী কারিগরী শিক্ষায় শিক্ষিত করার নিমিত্ত এটিআইগুলোতে চাহিদামোতাবেক তাত্ত্বিক ও ব্যবহারিক শিক্ষা প্রদান নিশ্চিত করতে হবে। এটিআই এর বিভিন্ন অংশ চিহ্নিত করে ব্লক/প্লট আকারে ছাত্র/ছাত্রীদেরকে তা বরাদ্দ দিয়ে তাদের দ্বারা নতুন বাগান সৃষ্টি করে তাদের মাধ্যমেই নিয়মিত পরিচর্যা গ্রহণের মাধ্যমে ফলন্ত গাছের ফলদান ক্ষমতা বৃদ্ধির ব্যবস্থাগ্রহণসহ ক্যাম্পাসে নতুন গাছ রোপন উপযোগী জমিকে উন্নত জাতের গুরুত্বপূর্ণ উচ্চমূল্য (High Value) ফল চাষের আওতায় আনতে হবে। শিক্ষাক্রমের ব্যবহারিক ক্লাসসমূহে আধুনিক পদ্ধতি অবলম্বনে বিভিন্ন প্রকার কলম (কাটিং/বাডিং/ক্লেপ্ট/ভিনিয়ার/সাইড গ্রাফটিং) এর উপর প্রশিক্ষণের ব্যবস্থা রাখতে হবে যেন তারা এ কাজে তাত্ত্বিক ও ব্যবহারিক উভয় বিষয়ে পারদর্শী হয়ে উঠতে পারে।

ফল চাষের পাশাপাশি আজকাল নানা প্রকার দেশী/বিদেশী ফুল চাষ জনপ্রিয়তার শীর্ষে পৌঁছেছে। তাই, শিক্ষার্থীদের মাধ্যমে বিভিন্ন প্রজাতির সুদৃশ্য মৌসুমী/দীর্ঘ মেয়াদী ফুল চাষ ব্যবস্থাকরণসহ ফুলের বংশবিস্তার ও চাষাবাদে তাদেরকে আধুনিক জ্ঞানে আরও সমৃদ্ধ করে গড়ে তুলতে হবে। এর পাশাপাশি অপরিবর্তিতভাবে রোপন করা ও অপ্রয়োজনীয় গাছ-পালা ছাঁটাই/অপসারণ করে এটিআইসমূহে আধুনিক উন্নত জাতের দেশী-বিদেশী ফুলের গাছ দিয়ে প্রত্যেকটা দৃষ্টিনন্দন করে সাজাতে হবে। উল্লেখ্য, বর্তমান সময় গাছ রোপন অথবা কলম করার উপযুক্ত সময় হওয়ায় এ গুরুত্বপূর্ণ কার্যক্রম অচিরেই সমাধা করার প্রয়োজনীয় উদ্যোগ এখনই নিতে হবে।

এমতাবস্থায়, উল্লিখিত নির্দেশনার আলোকে এটিআই ভিত্তিক গৃহীত প্রস্তুতিমূলক কার্যক্রমের প্রতিবেদন আগামী ১৬-০৪-২০১৭ তারিখের মধ্যে পরিচালক, প্রশিক্ষণ উইং, ডিএই বরাবর প্রেরণ করতে নির্দেশ প্রদান করা হলো। এ কর্মসূচি বাস্তবায়নে শ্রেষ্ঠ বলে বিবেচিত হলে সংশ্লিষ্ট অধ্যক্ষ/কর্মকর্তাকে পুরস্কৃত করার উদ্যোগ গ্রহণ করা হবে।



(মোঃ মনজুরুল হান্নান)  
মহাপরিচালক  
ফোন- ৯১৪০৮৫০

প্রাপক:

অধ্যক্ষ

কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), .....(সকল)।

কার্যার্থে অনুলিপি :

১. পরিচালক, প্রশিক্ষণ উইং/হটিকালচার উইং/সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ..... (সকল অঞ্চল)।
৩. উপপরিচালক (আইসিটি), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা (পত্রটি ডিএই'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, নিয়ন্ত্রণ কক্ষ, সরেজমিন উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা (পত্রটি ই-মেইলযোগে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের অনুরোধসহ)।

জ্ঞাতার্থে বিতরণ:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।